দৈনিক বাংলা

তারিখ ... 16 JUN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

শিক্ষকদের একাংশের বিরোধিতা

# এমইএস কলেজে চট্টগ্রাম ভার্সিটির বিকল্প ক্লাস নেয়া শুরু

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৫ই জুন।–চট্টগ্রাম বিশ্ব–বিদ্যালয়ের সাধারণ শিক্ষকদের একাংশ ঘোষিত বিকল্প ক্লাস আজ থেকে নেয়া শুরু হয়েছে। সকাল সাড়ে আটটায় চট্টগ্রাম শহরে অবস্থিত এমইএস কলেজে এ ক্লাস নেয়া শুরু হয়।

অপরদিকে সর্বদলীয় ছাত্র ঐক্য প্রশাসনের সঙ্গে বৈঠকে মিলিত হয়ে হরতাল স্থগিত ঘোষণা করেছে।

সকালে ক্লাস করার জন্য বহুসংখ্যক ছাত্র–ছাত্রী উপস্থিত হয়।

হিসাব বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ মঞ্জুর মোর্শেদ খান আজ এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ বিশেষ ব্যবস্থায় দুই শিফটে ১৬টি বিভাগের চারটি করে ৬৪টি ক্লাস নেন।

(৫–এর পৃঃ দ্রঃ)

## এমইএস কলেজে

(প্রথম পৃষ্ঠার পর)

আগামীকাল থেকে এক শিফট করে ক্লাস নেয়া হবে।

বিবৃতিতে তিনি আশা প্রকাশ করেন, গণতান্ত্রিকভাবে নির্বাচিত বর্তমান সরকার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস–কে অবিলম্বে সন্ত্রাসী গোষ্ঠীর কবল থেকে মুক্ত করে সেখানে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনবেন।

গণতান্ত্রিক শিক্ষক সমাজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ক্রম অবনতিশীল সংকট নিরসনে সংশ্লিষ্ট মহল থেকে এখনও কোন কার্যকরী উদ্যোগ ও ব্যবস্থা গৃহীত না হওয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন। সমস্যা দিন দিন জটিল থেকে জটিলতর হওয়ায় ছাত্র–শিক্ষক ও অভিভাবকদের মধ্যে হতাশা দেখা দিয়েছে।

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের একটি দল বিকল্প ক্লাস চালুর উদ্যোগ নিচ্ছেন; কিন্তু এই শিক্ষাদানকে গোষ্ঠী স্বার্থে ও রাজনৈতিক চমক সৃষ্টির কাজে ব্যবহার করা হলে শিক্ষকতা পেশার ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হতে বাধ্য। তাছাড়া এই ধরনের পদক্ষেপ ছাত্র ও শিক্ষকদের মধ্যে চিরস্থায়ী বৈরিতা ও বিভক্তির সৃষ্টি করতে পারে।

এই জটিল পরিস্থিতি থেকে বিশ্ববিদ্যালয়ের পবিত্রতা ও শিক্ষার পরিবেশ পুনরুদ্ধার করার জন্য বিবদমান দুটি পক্ষসহ দেশের সকল বিবেকসম্পন্ন মানুষের প্রতি সাড়া দেয়ার আহ্বান জানানো হয়েছে।

বিবৃতিতে এই বিস্ফোরণোন্মুখ সমস্যা নিরসনে সরকারের দীর্ঘসূত্রতা ও নীরবতায় বিস্ময় প্রকাশ করা হয়েছে।

আমাদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, ইসলামী ছাত্র শিবিরের উদ্যোগে আজ লালদীঘি ময়দানে এক ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ বলেন, ভিসির মদদপুষ্ট ও চিহ্নিত সন্ত্রাস–কারীরা বিশ্ববিদ্যালয় অবরোধের নামে নৈরাজ্য সৃষ্টি করে পুনরায় ভার্সিটি বন্ধ করে দেয়ার ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে।

এদিকে কতিপয় ছাত্রী আজ এই সংবাদদাতার সঙ্গে এক সাক্ষাৎকারে জানায়, সন্ত্রাসমুক্ত পরিবেশে বিকল্প ক্লাস করতে পেরে তারা আনন্দিত।

**সর্বদলীয় ছাত্র ঐক্যের মিছিল**

সর্বদলীয় ছাত্রঐক্য আজ এমইএস কলেজ ক্যাম্পাসে মিছিল বের করে এবং স্মারকলিপি পেশ করার জন্য পুলিশের ডিআইজি অফিসের দিকে যায়। এ সময় বাধা দেয়া হলে মিছিলকারীরা একটি পুলিশ ভ্যানের ক্ষতি সাধন করে এবং পুলিশের উপর ইট–পাটকেল নিক্ষেপ করে। এতে একজন নায়েক ও দু'জন পুলিশ আহত হয়েছে। আহতদের পুলিশ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ডিআইজি অফিসের সামনে এক সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে মিছিল শেষ হয়।

ছাত্র ইউনিয়ন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি অশোক বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে চাকসুর সাধারণ সম্পাদক আজিম-উদ্দিন, সর্বদলীয় ছাত্র ঐক্য নেতৃবৃন্দ মঞ্জুর আলম শাহীন, নাজমুল করিম দুলাল ও অনুপ খাস্তগীর বক্তব্য রাখেন।

তারা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার এবং ফারুক হত্যাকারীদের গ্রেফতার করার দাবী জানান।